

স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৯

বাংলা (প্রথম পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৮০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বরের কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

ক - বিভাগ

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) : $১৮ \times ২ = ৩৬$
- (ক) চর্যাপদের আবিষ্কারের ও প্রকাশের ইতিবৃত্ত সম্পর্কে আলোচনা করে চর্যাপদগুলির সাহিত্যমূল্য নিরূপণ করুন।
- (খ) প্রাক-চৈতন্য ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণব কবিদের রচনার তুলনামূলক আলোচনা করুন।
- (গ) বাংলা গদ্যের উন্মেষপর্বে ফোর্ট উইলিয়াম কলেজ এবং শ্রীরামপুর মিশন কলেজের গুরুত্ব আলোচনা করুন।
- (ঘ) বাংলা নাটকের ক্ষেত্রে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান সম্পর্কে আলোচনা করুন।

খ - বিভাগ

- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : $১২ \times ৩ = ৩৬$
- (ক) কৃত্তিবাসের আবির্ভাবকাল সম্পর্কিত বিতর্ক সম্বন্ধে আপনার অভিমত লিখুন। বাংলা সাহিত্যে কৃত্তিবাসী রামায়ণের গুরুত্ব কোথায়?
- (খ) বাংলায় কবিগানের উদ্ভব-পটভূমি আলোচনা করে দুজন কবিওয়ালার সম্পর্কে সংক্ষেপে লিখুন।

- (গ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের রচনার পরিচয় দিন।
- (ঘ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথের সৃষ্টিগুলি সম্পর্কে আপনার সুনির্দিষ্ট বক্তব্য লিখুন।
- (ঙ) বিহারীলাল চক্রবর্তীর কবিকৃতি সম্পর্কে আলোচনা করুন।
- (চ) সুবোধ ঘোষের ছোটগল্প সম্পর্কে সংক্ষেপে লিখুন।

গ - বিভাগ

- ৩। যে-কোনো চারটি প্রসঙ্গ সম্পর্কে অনধিক ১৫০ শব্দে আলোচনা করুন :

$৭ \times ৪ = ২৮$

- (ক) ভাগবত অনুবাদক মালাধর বসুর কৃতিত্ব।
- (খ) রবীন্দ্রনাথের গদ্যে সবুজপত্র পর্যায়ের অভিনবত্ব।
- (গ) স্ত্রী সমাজের উন্নতি সাধনে 'বামাবোধিনী' পত্রিকার গুরুত্ব।
- (ঘ) মীর মোশারফ হোসেন ও বিষাদসিন্ধু।
- (ঙ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প।
- (চ) প্রাবন্ধিক সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
- (ছ) টীকা লিখুন (যে-কোনো একটি) :
- (অ) মাইকেল মধুসূদন দত্তের কাব্য।
- (আ) কাজী নজরুল ইসলাম।
- (ই) ঔপন্যাসিক গুণময় মাল্লা।
- (ঈ) নাট্যকার সলিল সেন।